# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২১৫

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ নাপাক ব্যক্তির জন্য মুস্তাহাব হলো যখন সে ঘুমাতে চাইবে, তখন সালাতের ন্যায় ওযূ করবে, তারপর ঘুমাবে

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ إِذَا كَانَ جُنُبًا وَأَرَادَ النَّوْمَ أَنْ يَتَوَضَّأَ وُضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ ينام

আরবী

1215 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الدُّولَابِيُّ مُنْذُ ثَمَانِينَ سَنَةً قَالَ: حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ عَنْ يُونُسَ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَرَادَ أَنْ يَنَامَ وَهُوَ جُنُبٌ لَمْ يَنَمْ حَتَّى يَتَوَضَّأَ وَإِذَا أَرَادَ أَنْ يَأْكُلَ غَسَلَ يَدَيْهِ وأكل.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1215 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২১৫. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নাপাক অবস্থায় যখন ঘুমাতে চাইতেন, তখন তিনি ওযূ না করা পর্যন্ত ঘুমাতেন না। আর যখন তিনি খাবার খেতে চাইতেন, তখন তিনি তাঁর দুই হাত ধুয়ে নিতেন তারপর খেতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়ালা: ৪৫৯৫; আবূ দাঊদ: ২২৩; সুনান বাইহাকী: ১/২০৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১০৭৩; মুসান্নাফইবনু আবী শায়বাহ: ১/৬০; নাসাঈ: ১/৬০; দারাকুতনী: ১/১২৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৬৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২১৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90529

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন